



কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প  
কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

**বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (হালনাগাদ)**

প্রকাশের তারিখ: ১৩/০১/২০২৪

হালনাগাদের তারিখ: ১৬/০১/২০২৪

সারাদেশে তীব্র শীত বিরাজমান। এর পাশাপাশি আগামী তিনদিনের মধ্যে রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগে হালকা বৃষ্টি/গুঁড়িগুঁড়ি বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (বিএমডি) জানিয়েছে। বিএমডির তথ্য অনুসারে মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশে মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে এবং এটি কোথাও কোথাও দুপুর পর্যন্ত অব্যাহত থাকতে পারে। এ পরিস্থিতিতে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত জরুরি পরামর্শসমূহ প্রদান করা হলো:

- কুয়াশা ও শীতের এ অবস্থায় বোরো ধানের বীজতলায় ৩-৫ সেন্টিমিটার পানি ধরে রাখতে হবে।
- ঠান্ডার প্রকোপ থেকে রক্ষা এবং চারার স্বাভাবিক বৃদ্ধির জন্য-
  - বীজতলা রাতে স্বেচ্ছ পলিথিন দিয়ে ঢেকে দিন
  - বীজতলা থেকে পানি সকালে বের করে দিয়ে আবার নতুন পানি দিন
  - প্রতিদিন সকালে চারার উপর জমাকৃত শিশির ঝরিয়ে দিন
- আবহাওয়ার বর্তমান পরিস্থিতিতে আলুর নাবী ধ্বংস রোগের আক্রমণ হতে পারে। প্রতিরোধের জন্য অনুমোদিত মাত্রায় ম্যানকোজেব গোত্রের ছত্রাকনাশক ৭-১০ দিন পর পর স্প্রে করুন।
- সরিষায় অলটারনারিয়া ব্লাইট রোগ দেখা দিতে পারে। রোগ দেখা দেওয়ার সাথে সাথে অনুমোদিত মাত্রায় ইপ্রোডিয়ন গোত্রের ছত্রাকনাশক ১০-১২ দিন পর পর ৩ থেকে ৪ বার স্প্রে করুন।
- ঠান্ডাজনিত ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য ফল গাছে নিয়মিত হালকা সেচ প্রদান করুন। কচি ফল গাছ ঠান্ডা হাওয়া থেকে রক্ষার জন্য খড়/পলিথিন শীট দিয়ে ঢেকে দিন।
- গম ক্ষেতে সেচ প্রদান থেকে বিরত থাকুন। জমিতে যেন পানি জমে না থাকে সেদিকে লক্ষ্য রাখুন।
- গবাদি পশু ও হাঁসমুরগীর ঘর চট/কালো কাপড় দিয়ে ঘিরে দিন এবং হাই ভোল্টেজ বাব্ব জালিয়ে রাখুন।
- নিম্ন তাপমাত্রার ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা পেতে পুকুরে যেন যথেষ্ট পরিমাণে পানি থাকে সেদিকে লক্ষ্য রাখুন। বিভিন্ন ব্যাকটেরিয়াজনিত রোগ থেকে মাছ রক্ষার জন্য পুকুরে চুন প্রয়োগ করুন (২৫০-৫০০ গ্রাম/শতাংশ)।

ড. মোঃ শাহ কামাল খান  
প্রকল্প পরিচালক

মোবাইল ফোন নং +৮৮০১৭১২ ১৮৪২৭৪